

আল-কাসাস | Al-Qasas | الْقَصَص

আয়াতঃ ২৮ : ৩৩

আরবি মূল আয়াত:

قَالَ رَبِّ إِنِّي قَتَلْتُ مِنْهُمْ نَفْسًا فَأَخَافُ أَنْ يَقْتُلُونِ ﴿٣٣﴾

অনুবাদসমূহ:

মূসা বলল, 'হে আমার রব, নিশ্চয় আমি তাদের এক ব্যক্তিকে হত্যা করেছি, তাই আমি আশঙ্কা করছি যে, তারা আমাকে হত্যা করবে'। — আল-বায়ান

মূসা বলল- 'হে আমার প্রতিপালক! আমি তাদের একজনকে হত্যা করেছি, কাজেই আমি আশঙ্কা করছি তারা আমাকে হত্যা করবে।' — তাইসিরুল

মূসা বললঃ হে আমার রাক্ব! আমিতো তাদের একজনকে হত্যা করেছি। ফলে আমি আশংকা করছি যে, তারা আমাকে হত্যা করবে। — মুজিবুর রহমান

He said, "My Lord, indeed, I killed from among them someone, and I fear they will kill me. — Sahih International

৩৩. মূসা বললেন, হে আমার রব! আমি তো তাদের একজনকে হত্যা করেছি ফলে আমি আশংকা করছি তারা আমাকে হত্যা করবে।(১)

(১) এর অর্থ এ ছিল না যে, এ ভয়ে আমি সেখানে যেতে চাই না বরং অর্থ ছিল, আপনার পক্ষ থেকে এমন কোন ব্যবস্থা থাকা দরকার যার ফলে আমার সেখানে পৌঁছার সাথে সাথেই কোন প্রকার কথাবার্তা ও রিসালাতের দায়িত্বপালন করার আগেই তারা যেন আমাকে হত্যার অপরাধে গ্রেফতার করে না নেয়। কারণ এ অবস্থায় তো আমাকে যে উদ্দেশ্যে এ অভিযানে সেখানে পাঠানো হচ্ছে তা ব্যর্থ হয়ে যাবে। পরবর্তী আয়াত থেকে একথা স্বতঃস্ফূর্তভাবে সুস্পষ্ট হয়ে যায় যে, মূসার এ আবেদনের উদ্দেশ্য ছিল স্বাভাবিক ভয় যা মানুষ মাত্রই করে থাকে। এ ধরনের ভয় থাকা নবুওয়তের মর্যাদার পরিপন্থী কোন কাজ নয়।

তাকসীরে জাকারিয়া

(৩৩) মূসা বলল, 'হে আমার প্রতিপালক! আমি তো ওদের একজনকে হত্যা করেছি, ফলে আমি আশংকা করছি যে, ওরা আমাকে হত্যা করবে। [1]

[1] এ ছিল সেই আশঙ্কা যা বাস্তবে মূসা (আঃ)-এর প্রাণে ছিল। কারণ, তাঁর হাতে এক কিবত্বী খুন হয়ে গিয়েছিল।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3285>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন